



জেলা পরিষদ কার্যালয়
মানিকগঞ্জ
zp.manikganj.gov.bd

স/ম
১৯/০৬/২০২৫
১৯/০৬/২০২৫

স্মারক নং জেপ-মানিক/ ৬২৭/২০২৫/ ৩০২

তারিখ: ২৭/০৬/২০২৫খ্রিঃ

গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের এককালীন বৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি

মানিকগঞ্জ জেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০২৪-২০২৫ অর্থ বছরে বাজেট বরাদ্দের আওতায় মানিকগঞ্জ জেলার গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রী যারা ২০২৪ সালে এস,এস,সি ও এইচ,এস সি অথবা সমমানের পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়ে বর্তমানে বাংলাদেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত রয়েছে তাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এককালীন ছাত্র বৃত্তি প্রদানের জন্য জেলা পরিষদের নির্ধারিত ফরম স্বহস্তে পূরণ পূর্বক দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী :

- ০১। আবেদনকারী ছাত্র-ছাত্রীদেরকে অবশ্যই মানিকগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থী হতে হবে;
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মানিকগঞ্জ বরাবর আবেদন করতে হবে;
- ০৩। আবেদনকারীকে এস,এস,সি ও এইচ,এস সি অথবা সমমানের পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০, বাণিজ্য বিভাগে ৪.৭৫ এবং মানবিক বিভাগে ৪.৫০ অর্জন করতে হবে; (স্নাতক ১ম বর্ষ পর্যায়ে অধ্যয়নরতদের এস,এস,সি ও এইচ,এস সি উভয় পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০, বাণিজ্য বিভাগে ৪.৭৫ এবং মানবিক বিভাগে ৪.৫০ থাকতে হবে)।
- ০৪। মুক্তিযোদ্ধার পোষ্য প্রার্থীদের ক্ষেত্রে জিপিএ ৪.০০ এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে জিপিএ ২.৫০ থাকতে হবে। তবে মুক্তিযোদ্ধা পোষ্য প্রমানে জন্ম সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় হতে সার্টিফিকেটের সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক প্রমাণে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের প্রত্যয়ন পত্র, প্রতিবন্ধীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সরকারি কার্ড প্রদত্ত প্রতিবন্ধী প্রমানে সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে;
- ০৫। আবেদনপত্রের সাথে অবশ্যই নিম্নবর্ণিত কাগজ পত্রাদি দাখিল করতে হবে;
ক) এস,এস,সি ও এইচ,এস সি অথবা সমমানের পরীক্ষার নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি, সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি ১ কপি যাহা প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নামসহ সীল)/অধ্যয়নরত প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে;
খ) মানিকগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা প্রমানে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক নাগরিকত্ব সনদের মূল কপি দাখিল করতে হবে;
- ০৬। ২০২৪ সালের উত্তীর্ণ ছাত্র ও ছাত্রী যারা এখানো কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে পারিনি তারা সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ আবেদন করতে পারবেন;
- ০৭। আবেদনকারীর স্বহস্তে লিখিত নির্ধারিত আবেদন ফরম, অধ্যয়নরত প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ আগামী ৩০/০৬/২০২৫খ্রিঃ তারিখের মধ্যে জেলা পরিষদ কার্যালয়ে জমা দিতে হবে;
- ০৮। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তি প্রদানের বিষয়ে অত্র পরিষদের সিদ্ধান্ত চূড়ান্ত হিসাবে গণ্য হবে;
- ০৯। আবেদন ফরম জেলা পরিষদের ওয়েবসাইট zp.manikganj.gov.bd ও জেলা পরিষদ কার্যালয়ে পাওয়া যাবে;
- ১০। কর্তৃপক্ষ যে কোন শর্ত সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


২৭/০৬/২৫
(মেহেদী হাছান)

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মানিকগঞ্জ
ফোন-০২৯৯৬৬১০৩৩২



জেলা পরিষদ কার্যালয়
মানিকগঞ্জ
zj.manikganj.gov.bd

বরাবর
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মানিকগঞ্জ

বিষয় : ২০২৪-২৫ অর্থ বছরে এককামীন শিক্ষা বৃত্তি পাওয়ার আবেদন

০১. আবেদনকারীর নাম : -----

০২. গিতার নাম : -----

০৩. মাতার নাম : -----

০৪. স্থায়ী ঠিকানা : গ্রাম/এলাকা/রোড ----- ডাকঘর : -----
উপজেলা : ----- জেলা : -----
মোবাইল নম্বর : -----

০৫. বর্তমান ঠিকানা : গ্রাম/এলাকা/রোড ----- ডাকঘর : -----
উপজেলা : ----- জেলা : -----
মোবাইল নম্বর : -----

০৬. অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের বিবরণ : শিক্ষা প্রতিষ্ঠানের নাম : -----
ঠিকানা : ----- শ্রেণী : -----
বিভাগ : ----- রোল নং : -----

০৭. পরীক্ষার ফলাফল

ঃ	এস এস সি/ সমমান এইচ এস সি / সমমান	পরীক্ষায় উত্তীর্ণের বছর	প্রাপ্ত ভিপিএ নম্বর

০৮. অভিভাবকের বাৎসরিক আয়ের পরিমাণ : অংকে : ----- কথায় : -----

০৯. সংযুক্ত কাগজপত্রে বিবরণ

ঃ	নং	কাগজপত্রে বিবরণ	সংযুক্ত করার তথ্য
	১	০১ (এক) কপি ছবি সত্যায়িত	
	২	ইউনিয়ন পরিষদ/পৌরসভার নাগরিক সনদ মূলকপি	
	৩	নম্বরপত্রের ফটোকপি সত্যায়িত	
	৪	জন্ম নিবন্ধন সনদপত্রের ফটোকপি সত্যায়িত	
	৫	বাৎসরিক আয় সংক্রান্ত সনদপত্রের মূলকপি	
	৬	বীর মুক্তিযোদ্ধা সনদপত্রের ফটোকপি সত্যায়িত	
	৭	বীর মুক্তিযোদ্ধা পোষ্য সংক্রান্ত প্রত্যয়ন পত্রের ফটোকপি সত্যায়িত	
	৮	প্রতিবন্ধী সংক্রান্ত প্রত্যয়ন পত্রের ফটোকপি সত্যায়িত	

১০. ঘোষণা ও আবেদন

ঃ উল্লিখিত তথ্যাদি সঠিক ঘোষণা করে শিক্ষা বৃত্তি পাওয়ার জন্য আবেদন জানাচ্ছি।

১১. উল্লিখিত শিক্ষা বৃত্তি প্রদানের জন্য সুপারিশ করা হলো।
শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর ও তারিখ
(নামসহ সীল)

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ